



ঢাবি ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক পদে সাবেক ছাত্রলীগ নেত্রী, ক্ষোভে ফুঁসছেন শিক্ষার্থীরা



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের নবঘোষিত শামসুন নাহার হল কমিটিতে সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে স্থান পেয়েছেন নিতু রানী সাহা, যিনি পূর্বে ছাত্রলীগের নেত্রী ছিলেন। এ ঘটনায় শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়া দেখা দিয়েছে। সামাজিক মাধ্যমে চলছে সমালোচনা ও ব্যঙ্গ। ঢাবি ছাত্রদলের সভাপতি বিষয়টি তদন্তের আশ্বাস দিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের নবঘোষিত হল কমিটিতে সাবেক ছাত্রলীগ নেত্রীর পদায়ন নিয়ে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। শুক্রবার (৮ আগস্ট) ঘোষিত ১৮টি হল শাখার মধ্যে শামসুন নাহার হলের কমিটিতে সিনিয়র যুগ্ম আহ্বায়ক পদ পেয়েছেন নিতু রানী সাহা। জানা গেছে, তিনি এক সময় একই হল শাখা ছাত্রলীগের উপ-গণযোগাযোগ সম্পাদকের দায়িত্বে ছিলেন।

নিতুর এই পদায়নকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে তীব্র সমালোচনার বাড় উঠেছে। সামাজিক যোগাযোগমাধ্যম, বিশেষ করে ঢাবি শিক্ষার্থীদের বিভিন্ন গ্রুপে বিষয়টি নিয়ে চলছে ব্যঙ্গ ও বিদ্রোপ।

ঢাবির এক শিক্ষার্থী শরিফুল ইসলাম মন্তব্য করেন, "ছাত্রদল চাইলে ছাত্রলীগ পুনর্বাসনের জন্য একটি আলাদা কমিটি করতে পারে, যাতে সব হলের সাবেক ছাত্রলীগ সদস্যরা স্থান পাবে।"

এ বিষয়ে জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস ঢাকা পোস্টকে বলেন, "কমিটিতে যাদের দায়িত্ব দেওয়া হয়েছে, তাদের কেউ যদি অনৈতিক কর্মকাণ্ডে যুক্ত থাকেন কিংবা তথ্য গোপন করে থাকেন, তাহলে আমরা তদন্ত করে যথাযথ সাংগঠনিক ব্যবস্থা নেব।"

তবে ছাত্রদলের সাধারণ সম্পাদকের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।